# রেজিস্ট্রারের কার্যালয়

## বরিশাল বিশ্ববিদ্যালয়

ফোন: ০৪৩১-২১৭৭৪৩১, ০১৮৭৭৭৭৩৯৩৯ ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭

web: https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd

স্মারক নং- বিইউ/রেজি/এস্টেট/নিলাম/৫৯৭/২০২২/১৩১৮১(ক) তারিখঃ ০৭.০২.২৩ খ্রিঃ

**নিলাম বিজ্ঞপ্তি**

বরিশাল বিশ্ববিদ্যালয়ের স্মারক নং-বিইউ/রেজি/প্রশাসন(বিবিধ)/ভলি-৪/২৮৩/২০২১/৩০০১; তারিখঃ ২০.১২.২০২২খ্রিঃ অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার কাজে ব্যবহৃত পুরাতন উত্তরপত্র সিলড নিলাম মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী সকল ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা/ব্যবসায়ীদের নিকট হতে নিম্নবর্ণিত সময়ের মধ্যে শর্তসাপেক্ষে বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের সম্পত্তি শাখার নির্ধারিত আবেদনপত্র সংগ্রহ করে অগ্রীম জামানত হিসাবে ২৪,৩৬০/-(চব্বিশ হাজার তিনশত ষাট) টাকার পে-অর্ডার, (ট্রেজারার, বরিশাল বিশ্ববিদ্যালয় এর অনুকূলে), জাতীয় পরিচয়পত্র ও TIN সার্টিফিকেট (ব্যক্তির ক্ষেত্রে) হালনাগাদ ট্রেড লাইসেন্স ও মূসক নিবন্ধন সার্টিফিকেট (প্রতিষ্ঠানের ক্ষেত্রে) সহ অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্ট সিলগালা খামে জমা প্রদান করে নিলাম ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহ

০১। নিলাম ডাকে অংশগ্রহণে ইচ্ছুক ডাককারীগণ ১৩-০২-২০২৩খ্রিঃ তারিখ বিকাল ০২.০০ ঘটিকা পর্যন্ত রেজিস্ট্রার দপ্তরের সম্পত্তি শাখার সহিত যোগাযোগ করে উল্লেখিত বরিশাল বিশ্ববিদ্যালয়ের পুরাতন উত্তরপত্র সরেজমিনে পরিদর্শন করিতে পারবেন।

০২। বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের সম্পত্তি শাখা হতে ৩০০/-(তিনশত) টাকা মূল্যে (অফেরতযোগ্য) নির্ধারিত আবেদন ফর্ম সংগ্রহ করতে হবে। উক্ত আবেদন ক্রয়ের সর্বশেষ সময় ১৩-০২-২০২৩খ্রিঃ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকা পর্যন্ত।

০৩। খামে প্রয়োজনীয় ডকুমেন্টসহ আবেদন পত্র জমা দেয়ার সর্বশেষ সময় ১৪-০২-২০২৩খ্রিঃ তারিখ সকাল ১০ ঘটিকা থেকে দুপুর ১২.০০ ঘটিকা পর্যন্ত।

০৪। নিলাম কার্যক্রম বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার দপ্তরের সম্পত্তি শাখায় ১৪-০২-২০২৩খ্রিঃ তারিখ বেলা: ২.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। নিলাম কমিটি দরদাতাদের সম্মুখে সিলড আবেদনগুলো উন্মুক্ত করবেন এবং মূল্যায়ন করে দরদাতাদের মধ্যে সর্বোচ্চ দরদাতা নির্ধারনকরত বিক্রয়াদেশ প্রদান করবেন।

০৫। অনিবার্য কারণবশতঃ নির্ধারিত তারিখে নিলাম অনুষ্ঠিত না হলে পরিবর্তিত সময়সূচি বিশ্ববিদ্যালয়ের উল্লেখিত নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে বিজ্ঞপ্তির মাধ্যমে অবহিত করা হবে।

০৬। কোন অবস্থায় একই ব্যক্তি/প্রতিষ্ঠান/সংস্থা/ব্যবসায়ী একের অধিক নামে আবেদন করিতে পারিবেন না।

০৭। ১ম, ২য়, ৩য় সর্বোচ্চ (যদি থাকে) ডাককারীর জামানত জমা রাখার পর অবশিষ্টদের জামানত নিলাম ডাক শেষে ফেরৎ প্রদান করা হবে।

০৮। নিলাম কার্যক্রমে বিঘ্ন সৃষ্টি হতে পারে এরূপ কোন প্রকার মন্তব্য, মর্যাদা হানিকর উক্তি, বা অসদাচারণের দায়ে অভিযুক্ত ব্যক্তিকে কর্তৃপক্ষ বহিস্কার/টেন্ডার বাতিল করার এবং ভবিষ্যতে টেন্ডারে অংশগ্রহণ হতে বিরত রাখার লক্ষ্যে কালো তালিকাভুক্ত করা অথবা আইন সম্মত অন্য কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন।

০৯। ওজন ভিত্তিক পণ্যর ক্ষেত্রে “যেখানে যে অবস্থায়/পরিমাণ/ওজনে সংখ্যায় আছে” সে ভিত্তিতে পণ্য ডেলিভারী নিতে হবে।

১০। নিলাম ডাকে সর্বোচ্চ দরদাতার অনুকূলে উল্লেখিত বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার কাজে ব্যবহৃত পুরাতন উত্তরপত্র অপসারণের সময়সীমা উল্লেখপূর্বক নিলাম ডাকের সমুদয় মূল্য বিধি মোতাবেক প্রদানের জন্য কার্যাদেশ প্রদান করা হবে।

১১। পে-অর্ডারসহ অন্যান্য দলিলাদি মিথ্যা বা জাল প্রমাণিত হলে উক্ত ব্যক্তি/প্রতিষ্ঠানের বিরুদ্ধে প্রচলিত ফৌজদারী কার্যবিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২। সর্বোচ্চ দরদাতার অনুকূলে বিক্রয়াদেশ প্রদানের ০৭ (সাত) দিনের মধ্যে সমুদয় মূল্য বিশ্ববিদ্যালয়ের হিসাব শাখায় জমা প্রদান করিতে হবে এবং নিলাম মূল্যের উপর ৭.৫% ভ্যাট ও ১০% আয়কর ট্রেজারি চালানের মাধ্যমে পরিশোধ করে চালানের কপি জমা প্রদান সাপেক্ষে পণ্য খালাস নিতে হবে অন্যথায় জামানত বাজেয়াপ্ত হবে।

# রেজিস্ট্রারের কার্যালয়
## বরিশাল বিশ্ববিদ্যালয়
ফোন: ০৪৩১-২১৭৭৪৩১, ০১৮৭৭৭৭৩৯৩৯ ফ্যাক্স: ০৪৩১-৬১৮২৭
web: https://bu.ac.bd, e-mail: registrar@bu.ac.bd


১৩। জামানতের টাকা নিলামের টাকার সহিত সমন্বয় করা হবে না। বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার কাজে ব্যবহৃত পুরাতন উত্তরপত্র অপসারণ করে নেওয়ার পরে জামানতের টাকা ফেরৎ প্রদান করা হবে।

১৪। কার্যাদেশে উল্লেখিত সময়ের মধ্যে বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার কাজে ব্যবহৃত পুরাতন উত্তরপত্র অপসারণে ব্যর্থ হলে প্রতি মাসের জন্য উল্লেখিত দরের ৫% হারে জরিমানা ধার্য হবে।

১৫। নিলাম কমিটি কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিলাম ডাক স্থগিত/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। ইহাতে দরপত্রে ডাক গ্রহণকারী কোন প্রকার ওজর-আপত্তি/আইন আদালতের আশ্রয় নিতে পারবে না। নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬। নিলাম গ্রহণকারীকে তাহার সম্পূর্ণ নিজ দায়িত্বে/নিজ ব্যয়ে পরীক্ষার কাজে ব্যবহৃত পুরাতন উত্তরপত্র নিয়ে যেতে হবে। পরীক্ষার কাজে ব্যবহৃত পুরাতন উত্তরপত্র অপসারনের সময় কোনরুপ ক্ষয়-ক্ষতি হলে এর দায়-দায়িত্ব নিলাম গ্রহণকারীকে বহন করতে হবে।

১৭। ডেলিভারী শেষে নিলাম কর্তৃপক্ষ কর্তৃক ডেলিভারীকৃত মালামালের বিষয়ে কোন প্রকার অভিযোগ বা আপত্তি গ্রহণযোগ্য হবে না।

১৮। বরিশাল বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার কাজে ব্যবহৃত পুরাতন উত্তরপত্র নেওয়ার সময় বরিশাল বিশ্ববিদ্যালয়ের কোন স্থাপনা/সম্পদের ক্ষতিসাধন করা যাবে না। কোন ক্ষতি সাধন করা হলে তা ডাক গ্রহণকারী কর্তৃক ক্ষতিপূরণ প্রদান অথবা নিজস্ব ব্যয়ে পুনর্নির্মাণ করে দিতে হবে।

১৯। দরপত্রের শর্তাবলীতে উল্লেখ নহে এরূপ কোন জটিলতা বা কোন অনাকাঙ্ক্ষিত জটিলতা সৃষ্টি হলে নিলাম দরপত্র কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

মোঃ বাহাউদ্দিন গোলাপ ০৭।০২।২০২৬
আহবায়ক, নিলাম কমিটি
ও
ডেপুটি রেজিস্ট্রার, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে ( জ্যেষ্ঠতানুসারে নয়) :

১। মাননীয় ভাইস-চ্যান্সেলর এর একান্ত সচিব (ভাইস-চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য), বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
২। সহকারী রেজিস্ট্রার (ট্রেজারার মহোদয়ের সদয় অবগতির জন্য) , ট্রেজারার কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
৩। উপ-পরিচালক, অর্থ ও হিসাব পরিচালকের কার্যালয়, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
৪। সম্মানিত সকল সদস্য, নিলাম কমিটি, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
৫। নোটিশ বোর্ড, রেজিস্ট্রার কার্যালয়/প্রধান প্রকৌশলীর শাখা/পরীক্ষা নিয়ন্ত্রক অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয়, বরিশাল।
৬। প্রোগ্রামার, নেটওয়ার্কিং এন্ড আইটি অফিস, বরিশাল বিশ্ববিদ্যালয় (বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। অফিস কপি।